গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমাজসেবা কার্যালয়
বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ
dss.bishwambharpur.sunamganj.gov.bd

স্মারক নম্বরঃ৪১.০১.৯০১৮.০০০.০০০.১৬.০০৫.২৫.৫৪ তারিখঃ ১৭/০৮/২০২৬ খ্রি.

গণবিজ্ঞপ্তি

বিষয়: ২০২৬-২৭ অর্থবছরে সামাজিক নিরাপত্তা বেষ্টনী কার্যক্রমের বয়স্ক, বিধবা ও স্বামী নিগৃহিতা মহিলা, প্রতিবন্ধী (ভাতা ও শিক্ষা উপবৃত্তি) এবং অনগ্রসর জনগোষ্ঠীসমূহের জীবনমান উন্নয়ন কার্যক্রম (হিজড়া, বেদে, অনগ্রসর) ভাতায় অনলাইনে আবেদন গ্রহণ;

এতদ্বারা জানানো যাচ্ছে যে, পরিচালক, সমাজসেবা অধিদপ্তর মহোদয়ের ১৫ আগষ্ট ২০২৬ খ্রি. তারিখের ৭৩৬ সংখ্যক পত্র মোতাবেক ২০২৬-২৭ অর্থবছরে সামাজিক নিরাপত্তা বেষ্টনী কার্যক্রমের বয়স্ক, বিধবা ও স্বামী নিগৃহিতা মহিলা, প্রতিবন্ধী (ভাতা ও শিক্ষা উপবৃত্তি) এবং অনগ্রসর জনগোষ্ঠীসমূহের জীবনমান উন্নয়ন কার্যক্রম (হিজড়া, বেদে, অনগ্রসর) ভাতায় অনলাইনে আবেদন গ্রহণ শুরু হবে।
০২। সমাজসেবা অধিদপ্তরের ভাতার জন্য অনলাইনে আবেদন গ্রহণ: ০১ আগস্ট ২০২৬ হতে ৩১ আগস্ট ২০২৬ পর্যন্ত।
ক) আবেদন করার লিংক: www.dss.bhata.gov.bd/online-application
খ) আবেদন দাখিলের ক্ষেত্রে সাধারণ নির্দেশনাবলী:
গ) স্থায়ী ঠিকানা: আবেদনকারীকে অবশ্যই তাঁর নিজ নিজ স্থায়ী ঠিকানায় আবেদন করতে হবে;
ঘ) মোবাইল ও ব্যাংক অ্যাকাউন্ট: আবেদনকারীর নিজস্ব জাতীয় পরিচয়পত্র (NID) দিয়ে নিবন্ধিত সক্রিয় সিমের মোবাইল নম্বর অথবা ব্যাংক হিসাব নম্বর প্রদান করতে হবে। (ব্যাংক হিসাবের ক্ষেত্রে যোগাযোগের জন্য একটি সক্রিয় মোবাইল নম্বর দিতে হবে);
ঙ) প্রতিবন্ধী ভাতা: প্রতিবন্ধী ভাতার ক্ষেত্রে অবশ্যই সুবর্ণ নাগরিক কার্ড থাকতে হবে;
চ) পূর্বের আবেদনকারী: যারা পূর্বে অনলাইনে আবেদন করেছিলেন এবং বর্তমানে অপেক্ষমাণ তালিকায় আছেন, তাদের নতুন করে আবেদন করার প্রয়োজন নেই। অনলাইনে নতুন আবেদন ও অপেক্ষমাণ তালিকার ভিত্তিতে সংশ্লিষ্ট বাছাই-কমিটির মাধ্যমে নীতিমালা অনুযায়ী উপকারভোগী নির্বাচন করা হবে;
ছ) যোগ্যতা: আবেদনকারী অন্য কোনো সরকারি নিয়মিত সুবিধা পেয়ে থাকলে এই ভাতার জন্য বিবেচিত হবেন না;
জ) কার্যকরী তারিখ: চূড়ান্তভাবে নির্বাচিত উপকারভোগীগণ ০১ জুলাই ২০২৬ তারিখ হতে ভাতা ও শিক্ষা উপবৃত্তি প্রাপ্য হবেন;
০৩। সতর্কতা: সরকারি ভাতা একটি বিনামূল্য সেবা অর্থাৎ ভাতা পেতে নাগরিকদের কোন ফিস দিতে হয়না। ফলে ভাতা গ্রহণের জন্য কোথাও আর্থিক লেনদেনে যুক্ত হয়ে প্রতারিত না হওয়ার জন্য সংশ্লিষ্ট সকলকে সতর্ক থাকার আহবান জানানো যাচ্ছে।

17.08.26

মোঃনুর উদ্দিন আহমুদ
উপজেলা সমাজসেবা অফিসার(ভারপ্রাপ্ত)
বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ।
E-mail: bishwambharpurusso@gmail.com

স্মারক নম্বরঃ৪১.০১.৯০১৮.০০০.০০০.১৬.০০৫.২৫.৫০ তারিখঃ ০৩/০৮/২০২৬ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি:
১। মাননীয় জাতীয় সংসদ সদস্য- ২২৭, সুনামগঞ্জ-০৪।
২। পরিচালক (সামাজিক নিরাপত্তা) অধিশাখা, সমাজসেবা অধিদপ্তর, আগারগাও ঢাকা।
৩। পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, সিলেট।
৪। জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
৫। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, সুনামগঞ্জ।
৬। প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ।
৭। চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ (সকল), বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ [ বিজ্ঞপ্তিটি ব্যাপক প্রচারের অনুরোধসহ]
৮। সভাপতি/ সম্পাদক,............................প্রেসক্লাব (সকল), বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ [বিজ্ঞপ্তিটি ব্যাপক প্রচারের অনুরোধসহ] অনুরোধসহ
৯। নোটিশ বোর্ড/ সংরক্ষণ কপি।

17.08.26

উপজেলা সমাজসেবা অফিসার(ভারপ্রাপ্ত)
বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ